REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 27-08-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার ব্যাপক উন্নতির ফলে বহিরাজ্যে রোগী রেফারের সংখ্যা অনেকাংশে কমে গেছে ।

(২) আগরতলার "কৃষি মহাবিদ্যালয়ে" "ভারতে মিলেট বা শ্রীঅন্ন উৎপাদনের প্রচার" শীর্ষক দু'দিনের অনুষ্ঠান আজ থেকে শুরু হয়েছে ।

(৩) প্রদেশ বিজেপি'র পক্ষ থেকে আজ ত্রিস্তর পঞ্চায়েতে বিভিন্ন পদাধিকারীদের নাম ঘোষণা করা হয়েছে ।

(৪) চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তা এবং কাজের অবস্থার বিষয়ে সুপারিশ করার জন্য সুপ্রিম কোর্ট কর্তৃক গঠিত জাতীয় টাস্ক ফোর্সের প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে ।

*******************************************

Tripura Medical College-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার ব্যাপক উন্নতির ফলে বহিরাজ্যে রোগী রেফারের সংখ্যা অনেকাংশে কমে গেছে। বর্তমানে রাজ্যেই কিডনি ট্রান্সপ্ল্যান্ট, প্লাস্টিক সার্জারি সহ বহু জটিল রোগের অপারেশন করা সম্ভব হচ্ছে। আজ আগরতলায় ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আম্বেদকর টিচিং হাসপাতালের ১৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরা মেডিক্যাল কলেজের যাত্রা ২০০৬ সালে শুরু হয়। এখন পর্যন্ত এই কলেজ থেকে ১৩টি ব্যাচের ছাত্রছাত্রী পাশ করে বের হয়েছে। অনুষ্ঠানে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে রাজ্যে বিভিন্ন স্থানে সাম্প্রতিক যে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছিল

সেখানে গিয়ে স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য ত্রিপুরা মেডিক্যাল কলেজের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের প্রতি আহ্বান জানান। মুখ্যমন্ত্রী আজ ত্রিপুরা মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে একটি ওপেন জিম, শিশুপার্ক এবং ব্যাডমিন্টন কোর্টেরও উদ্বোধন করেন।

*****************************

CPIM-South :

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার ও বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ দক্ষিন জেলার বন্যা কবলিত বেশ কিছু এলাকায় গিয়ে দূর্গত মানুষের খোঁজখবর নেন। তাদের সঙ্গে ছিলেন বিধায়ক অশোক কুমার মিত্র, দীপংকর সেন, প্রাক্তন সাংসদ নারায়ন কর প্রমুখ। বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সাব্রুমের কলাছড়ার দাস পাড়া, তৈছামা ও গগন মৌজা এলাকা পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী।

***************************

MP Biplab Kumar Deb-Sonamura :

সাংসদ বিপ্লব কুমার দেব আজ সোনামুড়া মহকুমার নলছড়ের অদ্বৈত মল্লবর্মন স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ত্রাণ শিবির পরিদর্শন করেন। শিবিরে এখনো ১৫২ পরিবারের ৬৬২ জন শরণার্থী রয়েছেন। সাংসদ শ্রী দেব তাদের হাতে বিভিন্ন খাদ্য সামগ্রী তুলে দেন। তিনি আজ বিশালগড় মহকুমার ২টি শিবির পরিদর্শন করেন। সাংসদ শ্রী দেবের সঙ্গে ছিলেন বিধায়ক কিশোর বর্মন, সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা প্রমুখ।

*****************************

Millets-NERAMAC :

কেন্দ্রীয় সরকারের 'উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকে'র (ডোনার) অধীনস্থ কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা "নর্থ-ইস্টার্ন রিজিওনাল এগ্রিকালচারাল মার্কেটিং কর্পোরেশন বা নেরাম্যাকের উদ্যোগে আজ থেকে আগরতলার "কৃষি মহাবিদ্যালয়ে" "ভারতে মিলেট

বা শ্রীঅন্ন উৎপাদনের প্রচার” শীর্ষক দু’দিনের অনুষ্ঠান শুরু হয়েছে। এই অনুষ্ঠানের লক্ষ্য হল, শ্রীঅন্নের উপকারিতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং কৃষকদের মধ্যে মিলেট চাষে আগ্রহ বৃদ্ধি করা। অনুষ্ঠানে বিশেষজ্ঞদের পাশাপাশি রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা কৃষকরা ছিলেন।

নেরাম্যাকের ম্যানেজিং ডিরেক্টর রাজীব অশোক তাঁর বক্তব্যে শ্রীঅন্নকে খাদ্যাভ্যাসে শামিল করার ক্ষেত্রে স্বাস্থ্যকর দিকগুলি তুলে ধরেন। কলেজ অফ ফিসারিজ-এর ডিন অরুণভাই প্যাটেল বলেন, শ্রীঅন্ন শুধুমাত্র চাল ও গমের উপরেই নির্ভরতা কমিয়ে আনবে তা নয়, মানুষের মধ্যে সচেতনতা বাড়লে মিলেটের বাজার বৃদ্ধি পাবে। যার ফলে কৃষকদেরই আয় বাড়বে। কৃষি কলেজের অধ্যক্ষ ড: দেবাশিস সেন বলেন, এই অঞ্চলের জলবায়ুতে মিলেট শস্য উৎপাদনের ব্যাপক সুযোগ রয়েছে। এই শস্যের চাষ বৃদ্ধির ক্ষেত্রে কৃষি কলেজ কৃষকদের সবধরনের সহায়তা করবে। নাবার্ডের মহাব্যবস্থাপক অনিল এস. কোটমিরে কৃষক ও সংশ্লিষ্টদের উদ্দেশে বাজরা উৎপাদনের গুরুত্ব সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

****************************

Press Meet-BJP :

প্রদেশ বিজেপি’র পক্ষ থেকে আজ ত্রিস্তর পঞ্চায়েতে বিভিন্ন পদাধিকারীদের নাম ঘোষণা করা হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী জানান ৮টি জিলা পরিষদের মধ্যে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রীর জন্য মনোনীত হয়েছেন অপর্ণা নাথ, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী হচ্ছেন সুস্মিতা দাস, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিনহা রায় দত্ত। তাছাড়া পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেব রায় ও দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি হচ্ছেন দীপক দত্ত। তাছাড়া সাংবাদিক সম্মেলনে ৩৪টি পঞ্চায়েত সমিতি ও বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের পদাধিকারীদের নাম ঘোষনা করা হয়।

****************************

SO West Press :

পশ্চিম জেলার পুলিশ সুপার ডঃ কিরন কুমার কে আজ এনসিসি থানায় সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, বেআইনি অনুপ্রবেশের অভিযোগে শহরের নন্দননগর থেকে পাঁচ বাংলাদেশি ও এক মানব পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি আরও জানান, ধৃতরা স্বীকার করেছে তারা বেআইনিভাবে রাজ্যে প্রবেশ করেছে। পুলিশ সুপার শ্রী কুমার আরও জানান, সম্প্রতি চুরি যাওয়া ১৩টি সোনার চেইন সহ একটি বাইক উদ্ধার করেছে এনসিসি থানা। এই ঘটনার সঙ্গে জড়িত দুজনকে গ্রেপ্তারও করা হয়। তিনি জানান, উদ্ধারকৃত সোনার চেইনগুলির দাম প্রায় ১৫ লক্ষ টাকা।

*************************

Task Force :

চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তা এবং কাজের অবস্থার বিষয়ে সুপারিশ করার জন্য সুপ্রিম কোর্ট কর্তৃক গঠিত জাতীয় টাস্ক ফোর্সের প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে বৈঠকে স্বরাষ্ট্র সচিব ও স্বাস্থ্য সচিবসহ সব সদস্য উপস্থিত ছিলেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সদস্যরা তাদের মতামত তুলে ধরেন। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক সারা দেশে ব্যক্তি এবং বিভিন্ন অংশীদারদের কাছ থেকে পরামর্শ চাওয়ার জন্য তার ওয়েবসাইটে "Suggestions to NTF” নামে একটি জাতীয় পোর্টাল তৈরি করেছে। মন্ত্রক রাজ্যগুলিকে রাজ্যের চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে উপলব্ধ সুরক্ষা ব্যবস্থার তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করেছে। প্রধান অংশীদারদের কাছ থেকে এবং পোর্টালে প্রাপ্ত পরামর্শগুলি কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জাতীয় টাস্ক ফোর্সের সদস্যদের দ্বারা আরও বিবেচনার জন্য একত্রিত করবে।

রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের মহাপরিদর্শকদের সঙ্গে চিকিৎসা পেশাদারদের সুরক্ষা সম্পর্কিত স্বল্পমেয়াদী ব্যবস্থা নিয়ে আলোচনা করার জন্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগামীকালও বৈঠক অনুষ্ঠিত হবে।

******************************

Anubhav Awards :

কর্মী, জনঅভিযোগ এবং পেনশন প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং আগামীকাল নতুনদিল্লির বিজ্ঞান ভবনে অনুভব পুরস্কার ২০২৪ প্রদান করবেন। কর্মী, জনঅভিযোগ এবং পেনশন মন্ত্রক বলেছে যে এই বছর, ২২টি মন্ত্রক এবং বিভাগ থেকে যে লেখাগুলি প্রকাশিত হয়েছে তার মধ্যে পাঁচটি অনুভব পুরস্কার এবং ১০টি জুরি সার্টিফিকেট অসামান্য লেখার জন্য দেওয়া হবে।

উল্লেখ্য, ২০১৫ সালে পেনশন এবং পেনশনভোগী কল্যাণ বিভাগ 'অনুভব' নামে একটি অনলাইন প্ল্যাটফর্ম চালু করেছিল। পোর্টালটিতে অবসরপ্রাপ্ত কর্মচারীদের চাকরির সময়কালে করা উল্লেখযোগ্য অর্জনগুলি প্রদর্শন করা হয়। এ পর্যন্ত ৫৪টি অনুভব পুরস্কার এবং ন'টি জুরি সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

ডঃ জিতেন্দ্র সিং আগামীকাল নতুনদিল্লিতে পেনশন এবং পেনশনভোগী কল্যাণ বিভাগ দ্বারা আয়োজিত একাদশতম দেশব্যাপী পেনশন আদালত এবং ৫৫তম প্রাক-অবসরকালীন পরামর্শদান (PRC) কর্মশালায় সভাপতিত্ব করবেন। মন্ত্রক বলেছে যে সুশাসনের অংশ হিসাবে সারা দেশে পিআরসি কর্মশালা পরিচালিত হচ্ছে। কর্মশালার লক্ষ্য হল যে সমস্ত আধিকারিকরা অবসর নিতে চলেছেন, তাদের চাকরির অবসর প্রক্রিয়ায় সুবিধা দেওয়া। কর্মশালায়, অবসরপ্রাপ্ত কর্মচারীদের অবসরকালীন সুবিধা এবং পেনশন মঞ্জুরি প্রক্রিয়া সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করা হবে।

***************************

Community Radio :

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে আগামী ২৯ ও ৩০শে আগস্ট আগরতলায় কমিউনিটি রেডিও নিয়ে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হবে। এই কর্মশালায় উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের বিভিন্ন সংস্থা ও সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করবে।

উল্লেখ্য, কমিউনিটি রেডিও স্টেশন স্থানীয় মানুষদের জন্য এমন একটি মঞ্চ, যা স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, কৃষি ইত্যাদি বিষয়ে আলোচনার জন্য এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের অনগ্রসর অঞ্চলগুলিতে, বিশেষত উত্তর-পূর্বাঞ্চলে কমিউনিটি

রেডিওর প্রচার ও প্রসারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দৃঢ় অঙ্গীকারকে প্রতিফলিত করতেও এই কর্মশালার আয়োজন।

*************************

Power Cut :

প্রাক পূজা মেরামতের জন্য আগামীকাল আগরতলার জিবি ফিডারের অধীন এলাকায় সকাল সাড়ে ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকবে। এলাকাগুলি হল জিবি বাজার, সার্কিট হাউস, আসাম রাইফেলস কোয়ার্টার কমপ্লেক্স, মালঞ্চ নিবাস কোয়ার্টার কমপ্লেক্স। বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে আজ এসংবাদ জানানো হয়েছে।

************************

CPIM :

সিপিআইএম-এর উদ্যোগে আজ রামনগর এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্তদের ওষুধ, সাবান, ফিনাইল সহ বিভিন্ন সামগ্রী তুলে দেওয়া হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে ও বিশিষ্ট চিকিৎসক ইন্দ্রজিৎ পাল।

*****************************

Health Camp :

ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির উদ্যোগে আজ বড়দোয়ালি যুবক সংঘে বন্যাকবলিত মানুষদের জন্য স্বাস্থ্য শিবির করা হয়। শিবিরে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের কম্বল বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, রেডক্রস সোসাইটির ত্রিপুরা শাখার চেয়ারম্যান ডাঃ অভিজিৎ সরকার, কর্পোরেটের অভিজিৎ মল্লিক ও ত্রিপুরা মার্কফেডের সহসভাপতি সঞ্জয় সাহা ও ক্লাবের কর্মকর্তাগন।

*************************

Post-Flood :

বন্যা পরবর্তী পরিস্থিতি পর্যালোচনায় ও ভবিষ্যৎ কর্মপন্থা স্থির করতে আজ বিকালে এক প্রশাসনিক বৈঠক কৈলাশহরে, ডি,এম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে জানানো হয়, প্রাথমিক হিসাব অনুযায়ী, বন্যার কারণে ঊনকোটি জেলাতে ক্ষয়ক্ষতির পরিমাণ ১৮৬ কোটি ৯ লক্ষ টাকা। জেলা শাসক শ্রী চাকমা জানান, বন্যা পরবর্তী সময়ে বর্তমানে বিভিন্ন এলাকায় স্বাস্থ্য শিবির করা হচ্ছে। পানীয় জলের যোগান অব্যাহত রাখতে ১৬টি ট্যাঙ্কারে করে নিয়মিত ৪২টি জনপদে পানীয় জল সরবরাহ করা হচ্ছে।

**************************

MLA-Bishalgarh :

বন্যা পরবর্তী পরিস্থিতিতে সবার জন্য স্বাস্থ্য সচেতনতামূলক প্রচার শুরু করেছেন বিধায়ক সুশান্ত দেব। তিনি বিশালগড়ের বিভিন্ন স্কুল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ফিনাইল ও ব্লিচিং পাউডার প্রদান করেন।

*****************************

Assam Rifles :

কাস্টমসের সঙ্গে যৌথ অভিযানে আসাম রাইফেলস আজ মাদক বিরোধী অভিযানে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছে। আসাম রাইফেলস এক বিবৃতিতে জানিয়েছে, শালবাগানে একটি বোলেরো গাড়িতে তল্লাশি করে ১ লক্ষ ২০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এর বাজার মূল্য প্রায় ১৯ কোটি টাকা। মাদক পাচারের অভিযোগে একজনকে আটকও করা হয়।

*****************************

NSUI Deputation :

ছাত্র-ছাত্রীদের বিভিন্ন দাবি নিয়ে আজ শিক্ষা দপ্তরে ডেপুটেশন প্রদান করে এন এস ইউ আই। তাদের দাবিগুলির মধ্যে রয়েছে অবিলম্বে নতুন অধ্যয়ন সামগ্রী যেমন বই,

গাইড বই এবং অন্যান্য প্রয়োজনীয় উপকরণগুলি সমস্ত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের সরবরাহ করা, ছাত্রছাত্রীদের আর্থিক সহায়তা প্রদান করা ইত্যাদি।

****************************

Jute Mill :

ত্রিপুরা চটকল শ্রমিক ইউনিয়ন ও জয়েন্ট মুভমেন্ট কমিটি অফ TJML এর যৌথ উদ্যোগে আজ সাত দফা দাবিতে মহাকরণ অভিযান ও অর্থ সচিবের কাছে স্মারকলিপি প্রদান করা হয়। তার আগে আগরতলার বিবেকানন্দ ময়দানের সামনে থেকে একটি মিছিল শুরু হয়ে সার্কিট হাউস গান্ধী মূর্তির সামনে গিয়ে শেষ হয়। সেখান থেকে পাঁচ জনের প্রতিনিধি দল অর্থ সচিবের সঙ্গে মিলিত হয়। পরে সংগঠনদ্বয়ের সম্পাদক ধনমনী সিংহ সাংবাদিকদের বলেন, তাদের দাবিগুলি হল, আদালতের নির্দেশ অনুযায়ী বকেয়া বেতন ভাতা, গ্র্যাচুইটি, লিভ সেলারি সহ ছয় শতাংশ সুদ সমেত প্রাপ্য টাকা মিটিয়ে দেওয়া ইত্যাদি।

*************************

TSU :

জনজাতি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ প্রদানের দাবিতে আজ গোর্খাবস্তিস্থিত জনজাতি কল্যাণ দপ্তরে বিক্ষোভ প্রদর্শন করে টিএসইউ ছাত্র সংগঠনের সদস্যরা। তাদের অভিযোগ, ইতিমধ্যে অন্যান্য ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেওয়া হলেও শুধুমাত্র জনজাতি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপ দেওয়া হয়নি। অবিলম্বে এই স্কলারশিপ প্রদান করার দাবী জানান তারা।

*****************************

BSF Press :

সীমান্ত এলাকায় পাচারবিরোধী অভিযানে সাফল্য পেয়েছে বিএসএফ। আজ বিএসএফের শালবাগান সদর দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল সিপাহিজলার এনসি নগর সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে ৯৮০০টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার হয়েছে। কমলাসাগর সীমান্ত ফাঁড়ি এলাকায় একটি গাড়িতে তল্লাশি চালিয়ে ৬ হাজার ৯৩০ টি

মোবাইল উদ্ধার করা হয়। এছাড়া পশ্চিম জেলার নিশ্চিন্তপুর সীমান্তে একজন বাংলাদেশি নাগরিককে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে আটক করা হয়েছে।

*******************************************

Press-meet-Unakoti :

কৈলাশহরের ঐতিহ্যবাহী রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের ৭৫ তম প্রতিষ্ঠা দিবস আগামী পয়লা সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। তাছাড়া আগামী সাত-ই সেপ্টেম্বর থেকে শুরু হবে কলেজে প্লাটিনাম জুবেলি বর্ষব্যাপী অনুষ্ঠান। ঐদিন অনুষ্ঠিত হবে মেগা রক্তদান শিবির ও আর্ট গ্যালারীর উদ্বোধন। মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা উপস্থিত থাকবেন। জানিয়েছেন, কলেজের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল।

******************************

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

******************************